

বৃত্তি কার্যক্রমঃ

(ক) প্রতি বছর শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ২২০ জন ছাত্র-ছাত্রীদের বৃত্তির জন্য নির্বাচিত করা হয়। একবার বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীগণ অধ্যয়নের খারাবাহিকতা রক্ষা ও বার্ষিক সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পঞ্চম শ্রেণি পর্যন্ত বৃত্তি সুবিধা ভোগ করেন।

(খ) বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মাসিক মেধা কোটায় ৭০০/- টাকা ও সাধারণ কোটায় ৬০০/- টাকা হারে বৃত্তির অর্থ প্রদান করা হয়ে থাকে।

(গ) বৃত্তি কার্যক্রমের আওতায় বছরওয়ারী বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে ডিসেম্বর/২০১৭ মাসে বিভিন্ন শ্রেণিতে মোট বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৯৪৭ (নয়শত সাতচল্লিশ) জন।

(ঘ) ট্রাস্ট কর্তৃক ২০০০ সালে বৃত্তি প্রদান কার্যক্রম চালু করার পর হতে ২০১৭ সাল পর্যন্ত সর্বমোট ৩,৩৯৪ (তিন হাজার তিনশত চুরানব্বই) জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে।